বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.৪৭

দপ্তরাদেশ

"বান্দরবান জেলার লামা উপজেলায় লামাবাজার রক্ষাকল্পে মাতামুহুরী নদীতে প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার সিদ্ধান্তের আলোকে উক্ত চলমান প্রকল্পের আওতায় অনাবাসিক ভবনের (পরিদর্শন বাংলোসহ) জন্য অনুমোদিত ডিজাইন অনুযায়ী প্রাক্কলিত ব্যয় ডিপিপি-তে নির্ধারিত ব্যয়ের তুলনায় প্রায় ৮৬ লক্ষ টাকা বেশি হওয়ায় এবং নদীতীর প্রতিরক্ষা কাজ (৯৫০ মিটার) বাস্তবায়নে চুক্তিমূল্যের তুলনায় প্রায় ২৩৭.৬৫ লক্ষ টাকা সাশ্রয় হওয়ায়, আন্তঃখাত সমন্বয়ের মাধ্যমে ভবন নির্মাণের প্রয়োজনীয় অর্থসংস্থানের বিষয়ে সুপারিশ প্রদানের নিমিত্ত নিম্নের সদস্যগণের সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

ক্রঃ নং	কর্মকর্তাগণের নাম ও পদবি	কমিটিতে অবস্থান
১।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা।	আহবায়ক
২।	জনাব মোঃ আহসান হাবীব, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৪, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩।	মোঃ রুবেল হাসান, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), অর্থনৈতিক পরিকল্পনা উইং, প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	নির্বাহী প্রকৌশলী, বান্দরবান পানি উন্নয়ন বিভাগ ও প্রকল্প পরিচালক।	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি (Terms of Reference, ToR) :

ক) কমিটির সদস্যগণ অনুমোদিত ডিজাইনের ভিত্তিতে অনাবাসিক ভবনের প্রাক্কলিত ব্যয়ের নিরীক্ষণ, ব্যয়ের যৌক্তিকতা মূল্যায়ন এবং ব্যয় সংক্রান্ত প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবেন;

খ) কমিটির সদস্যগণ "বান্দরবান জেলার লামা উপজেলায় লামাবাজার রক্ষাকল্পে মাতামুহুরী নদীতে প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন" শীর্ষক প্রকল্পটির আন্তঃখাত সমন্বয়ের প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবেন;

গ) বিবিধ।

০২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন এবং প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

০৩। পরিকল্পনা বিভাগ,পরিকল্পনা মন্ত্রণালয় হতে জারীকৃত ডিপিপি প্রণয়ন/সংশোধন বিষয়ক **"সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা, ২০২২ খ্রি."** অথবা সর্বশেষ প্রকাশিত নির্দেশিকার আলোকে নির্ধারিত সমীক্ষা/কারিগরি প্রতিবেদন ফরম্যাট অনুসরন করে প্রতিবেদন প্রস্তুত করবেন।

০৪। কমিটি পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ০৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। **এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করবেন।**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ আহসান হাবীব, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৪, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মোঃ রুবেল হাসান, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), অর্থনৈতিক পরিকল্পনা উইং, প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, বান্দরবান পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঢাকা ও প্রকল্প পরিচালক।

০৭-০৮-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
০২২২২২৩০০৪১
adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.৪৭/১ (১০)

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
✓৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিব মহোদয়ের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি, বাপাউবো, ঢাকা।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১০। দপ্তর কপি।

০৭-০৮-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ডায়েরী নং ১১২৩
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ১০/৮/২৫
☒ জরুরী/অতি জরুরী
☒ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☒ নথিতে পেশ করুন
☒ আলোচনা করুন
☒ নথিতে রাখুন

১০/০৮/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।